

পাঠ মূল্যায়ন-০৩

শ্রেণি-দশম

বিষয়- বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা

বিষয় কোড-১৫৩

সময়-২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান-৭০

নিচের প্রশ্নগুলোর উত্তর দাও:

১। একটি রাজনৈতিক দলের একটি নির্বাচনে প্রাপ্ত আসন সংখ্যা এবং প্রাপ্ত ভোটের

শতকরা হার নিচে দেওয়া হল:

জাতীয় পরিষদ-১৬৭টি আসন

প্রাদেশিক পরিষদ-২৯৮টি আসন

জাতীয় পরিষদ- ৭৫.১৯% ভোট

প্রাদেশিক পরিষদ-৭৮.৪৮% ভোট

ক) বাংলাদেশের অস্থায়ী সরকার কখন গঠিত হয়? ১

খ) অপারেশন সার্চ লাইট বলতে কী বোঝায়? ২

গ) উদ্দীপকের তথ্যে কোন নির্বাচনের ফলাফলের প্রতিফলন দেখা যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ) উক্ত ফলাফল মেনে না নেওয়ার কারণে জনগণ বিক্ষুব্ধ হয়ে উঠে'-বিশ্লেষণ কর। ৪

২।

১৭৫৬ সালে ক্ষমতা লাভ	ষড়যন্ত্রের শিকার	ইংরেজ বাহিনীর সাথে যুদ্ধ	নবাবের পতন	বাংলার স্বাধীনতা লুপ্তন
----------------------	-------------------	--------------------------	------------	-------------------------

ক) চিরস্থায়ী বন্দোবস্ত বলতে কী বোঝায় ব্যাখ্যা কর। ১

খ) দ্বৈতশাসন বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২


গ) উল্লিখিত ছকে কোন নবাবের কথা বলা হয়েছে? উক্ত নবাবের পতনের কারণসমূহ

ব্যাখ্যা কর। ৩

ঘ) ছকে উল্লিখিত যুদ্ধের ফলাফল ছিল সুদূর প্রসারী। তুমি কি উক্ত বক্তব্যের সাথে

একমত? তোমার সুচিন্তিত মতামত দাও। ৪

৩।




ক) বঙ্গভঙ্গ রদ ঘোষিত হয় কত সালে? ১

খ) 'এনফিল্ড রাইফেল' সৈন্যদের বিদ্রোহী করে তুলল কেন? ২

গ) উদ্দীপকের প্রথম কারণটি ব্যাখ্যা কর। ৩

ঘ) ৩নং কারণটি উক্ত প্রত্যেক বিদ্রোহের কারণ। যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

৪।



ক) জেনারেল এরশাদ কত বছর শাসন করেন? ১

খ) 'ইনডেমনিটি আইন' বলতে কী বোঝায়? ২

গ) উদ্দীপকে '১' চিহ্নিত আন্দোলনটির কারণ ব্যাখ্যা কর। ৩

ঘ) 'উক্ত আন্দোলনের ফলে বাংলাদেশের গণতন্ত্র মুক্তি পায়।' বিশ্লেষণ কর। ৪

৫। আকাশ তার বাবার সাথে একটি শহরে দেখতে বের হলো। শহরটি চারদিক প্রাচীর

দ্বারা সুরক্ষিত। পূর্ব পরিকল্পনানুযায়ী উঁচু ভিত্তির ওপর শহরটি নির্মিত। নগরীর ভেতর

দিয়ে চলে গেছে পাকা রাস্তা। রাস্তাগুলো ছিল সোজা। প্রত্যেকটি বাড়িতে খোলা

জায়গা, কূপ ও স্থানাগার ছিল।

ক) মিশরীয়দের সর্বশ্রেষ্ঠ ভাস্কর্যের নাম কী? ১

- খ) প্রভু জনপদ সম্পর্কে লিখ। ২
- গ) আকাশের দেখা শহরের সাথে পাঠ্যবইয়ের কোন সভ্যতার বৈশিষ্ট্যের মিল রয়েছে ব্যাখ্যা কর। ৩
- ঘ) তুমি কি মনে কর, উক্ত সভ্যতার অধিবাসীরা গুরুত্বপূর্ণ এবং চমৎকার স্থাপত্য শৈলীর নিদর্শন রেখেছে? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪
- ৬। ইতিহাসের শিক্ষক ক্লাসে ইতিহাস পড়াতে গিয়ে বাংলার ইংরেজ শাসনের সম্পর্কে পড়ান এবং একটি যুদ্ধের কথা বর্ণনা করেন। তিনি বলেন, যুদ্ধ ক্ষেত্রে রাজার পক্ষে তার সেনাপতি ও অন্য বিদেশি সেনাপতি যুদ্ধ করেন। কিন্তু রাজার সেনাপতির বিশ্বাসঘাতকতা এবং খালার চক্রান্তের কারণে রাজা পরাজিত হন।
- ক) ফকির সন্ন্যাসী আন্দোলনের নেতা কে ছিলেন? ১
- খ) হাজী মোহাম্মদ মহসীনের দানশীলতার পরিচয় দাও। ২
- গ) অনুচ্ছেদে কোন যুদ্ধের ইঙ্গিত বহন করে তা ব্যাখ্যা কর। ৩
- ঘ) তুমি কি মনে কর, উক্ত যুদ্ধে ফলাফল ছিল সূদূরপ্রসারী? মতামত দাও। ৪
- ৭। 'রক্ত যখন দিয়েছি রক্ত আরও দেব, এদেশের মানুষকে মুক্ত করে ছাড়ব-ইনশাল্লাহ। এবারের সংগ্রাম আমাদের মুক্তি সংগ্রাম। এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম।'
- ক) জাতীয় চার নেতাকে হত্যা করা হয় কবে? ১
- খ) বাংলাদেশের মুক্তিযুদ্ধে ভারতের ভূমিকা লিখ। ২
- গ) উদ্দীপকে বাংলার ইতিহাসের কোন ঘটনা উপস্থাপিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩
- ঘ) 'বাংলাদেশ স্বাধীন হওয়ার পেছনে উক্ত ঘটনার প্রভাব সীমাহীন।' মতামত দাও। ৪
- সময়-৩০ মিনিট পূর্ণমান-৩০
- ১। আধুনিক ইতিহাসের জনক কে?
- ২। বুদ্ধিজীবী স্মৃতিসৌধের নির্মাণ কাজ শেষ হয় কত সালে?
- ৩। খলজি মালিকদের মধ্যে সর্বশ্রেষ্ঠ কে?
- ৪। গৌড় রাজ্যের অবস্থান কোথায় ছিল?
- ৫। বঙ্গবন্ধু কবে স্বদেশ প্রত্যাবর্তন করেন?
- ৬। বঙ্গবন্ধুর যুদ্ধ কত সালে সংঘটিত হয়?
- ৭। নীল চাষিরা কত সালে বিদ্রোহে ফেটে পড়ে?
- ৮। কত সালে যুক্তফ্রন্ট গঠিত হয়?

- ৯। পৌরাণিক ধর্ম কাকে বলে?
- ১০। বিষয়বস্তুগত ইতিহাস কাকে বলে?
- ১১। সর্বপ্রথম গৌড়ের উল্লেখ পাওয়া যায় কার গ্রন্থে?
- ১২। 'দান সাগর' গ্রন্থটি কে রচনা করেন?
- ১৩। পর্তুগিজ কোন নাবিক প্রথম সমুদ্রপথে এদেশে আসেন?
- ১৪। ইয়ং বেঙ্গল আন্দোলনের প্রবক্তা কে ছিলেন?
- ১৫। 'ছয় দফা' কর্মসূচি প্রণীত পুস্তিকাটি কী নামে প্রকাশ করা হয়?
- ১৬। অপারেশন সার্চলাইটের নীল নকশা তৈরি করেন কে?
- ১৭। মুজিবনগর সরকার কোথায় শপথ গ্রহণ করেন?
- ১৮। ফরায়েজি আন্দোলন কী?
- ১৯। চিরস্থায়ী বন্দোবস্ত কী?
- ২০। তমদুন মজলিস কী?
- ২১। স্বাধীন গৌড়ের রাজ্যের সূচনা হয় কীভাবে?
- ২২। ভৌগোলিক অবস্থানগত দিক থেকে ইতিহাসকে কয় ভাগে ভাগ করা হয়েছে?
- ২৩। মৌলিক গণতন্ত্র কী?
- ২৪। বর্ণপ্রথা কী?
- ২৫। রোমান সভ্যতার অবদান সবচেয়ে কোন ক্ষেত্রে?
- ২৬। বাংলাদেশ কত সালে জাতিসংঘের সদস্যপদ লাভ করে?
- ২৭। ইতিহাসে কিসের কোনো ঠাঁই নেই?
- ২৮। 'স্যার টমাস রো' কে ছিলেন?
- ২৯। অপরায়েজ বাংলা কোথায় অবস্থিত?
- ৩০। কে বাংলাকে ভাগ করেন?